বরিশালে উদ্ভট আচরণে বিএম কলেজের ৪ শিক্ষার্থী সেনাবাহিনীর হাতে আটক

written by Chandradip News24 | January 9, 2025

বরিশাল সরকারি ব্রজমোহন (বিএম) কলেজের চার শিক্ষার্থীকে উদ্ভট আচরণের অভিযোগে আটক করে সেনাবাহিনী থানায় হস্তান্তর করেছে। বুধবার (৮ জানুয়ারি) সন্ধ্যায় কলেজ ক্যাম্পাস থেকে তাদের আটক করা হয়।

স্থানীয় বাসিন্দারা অভিযোগ করেন, ওই চার শিক্ষার্থী কলেজ ক্যাম্পাস ও আশপাশের এলাকায় উদ্ভট আচরণ করছিলেন। স্থানীয়দের তথ্যের ভিত্তিতে সেনাবাহিনী ঘটনাস্থলে গিয়ে তাদের আটক করে বরিশাল কোতোয়ালি মডেল থানায় সোপর্দ করে।

খবর পেয়ে কোতোয়ালি থানায় ছুটে যান বিএম কলেজের শিক্ষার্থীরা। তারা জানান, আটককৃত শিক্ষার্থীরা একসময় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জেলা কমিটির সদস্য ছিলেন। তবে সেই কমিটি ইতোমধ্যেই বাতিল হয়েছে। শিক্ষার্থীদের দাবি, কলেজের পাশের শেরে বাংলা স্কুলের সংক্রান্ত কোনো ঝামেলার কারণেও তাদের আটক করা হয়ে থাকতে পারে।

বরিশাল মেট্রোপলিটন পুলিশের কমিশনার শফিকুল ইসলাম বলেন, “ব্রজমোহন কলেজের চার শিক্ষার্থী উদ্ভট আচরণের কারণে সেনাবাহিনী তাদের আটক করে থানায় দিয়েছে। আমরা বিষয়টি গভীরভাবে তদন্ত করছি।”

“মো: তুহিন হোসেন,
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম”